

এইচএসসির ফল পুনঃনিরীক্ষণ শুরু কাল, যেভাবে করবেন

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ২৬ নভেম্বর ২০২৩, ১৭:৪১



চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। এ বছর দেশের ১১টি শিক্ষাবোর্ডের পরীক্ষার্থীর মধ্যে পাস করেছেন ১০ লাখ ৬৭ হাজার ৮৫২ পরীক্ষার্থী। পরীক্ষায় কাঙ্ক্ষিত ফল না পেলে বা অকৃতকার্য হলে চ্যালেঞ্জ করার সুযোগ রয়েছে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন



দেশের ৪২ প্রতিষ্ঠানে কেউ পাস করেননি

ফল পুনঃনিরীক্ষণের এ আবেদন সোমবার (২৭ নভেম্বর) থেকে আগামী ৩ ডিসেম্বর পর্যন্ত শুধুমাত্র এসএমএসের মাধ্যমে করা যাবে। রোববার মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে ফল পুনঃনিরীক্ষণের আবেদন প্রক্রিয়ার বিস্তারিত জানানো হয়েছে। এতে বলা হয়েছে, শুধুমাত্র টেলিটকের প্রিপেইড নম্বর থেকে ফল পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে।



প্রায় অর্ধেকে নেমেছে জিপিএ-৫

যেভাবে আবেদন করবেন

প্রথমে মোবাইলের মেসেজ অপশনে গিয়ে RSC লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখতে হবে। এরপর স্পেস দিয়ে রোল নম্বর লিখে আবার স্পেস দিয়ে বিষয় কোড লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে। একাধিক বিষয়ের উত্তরপত্র পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে কমা দিয়ে সাবজেক্ট কোড এসএমএস করতে হবে। এসএমএস পাঠানো হলে একটি ফিরতি এসএমএস আসবে। পিন নম্বরটি সংগ্রহ করে রাখতে হবে। এরপর এতে সম্মত হলে আবারও মেসেজ অপশনে RSC লিখে স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে ‘পিন নম্বর’ লিখে স্পেস দিয়ে নিজস্ব মোবাইল নম্বর (যেকোনো অপারেটর) লিখে ১৬২২২ নম্বরে পাঠাতে হবে। প্রতি পত্রের ফল পুনঃনিরীক্ষার ফি ১৫০ টাকা।